# উপজেলা পরিষদ

## চাটখিল, নোয়াখালী

**নোয়াখালী জেলার চাটখিল উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি ঃ জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাটখিল
তারিখ ও সময় ঃ ১৭/০২/২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে অমর একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে যারা ভাষার জন্য প্রাণ দিয়েছেন সে সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনা এবং শ্রদ্ধা নিবেদন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পচিালনার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল |
| **২। উপজেলা কৃষি বিভাগ ঃ** অত্র উপজেলায় চলতি রবি/২০২১-২২ মৌসুমে হাইব্রীড ৬৩০০ হেক্টর এবং উফশী ১০০০ হেক্টর জমিতে ধান চাষাবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। বর্তমানে বীজতলা তৈরি কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে রবি/২০২১-২০২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২৬৫০ কৃষককে ২ কেজি হাড়ে হাইব্রিড ধান বীজ এবং ১২০০ জন কৃষককে ৫ কেজি উফশী ধান বীজ ও এমওপি-১০ কেজি, ডিএপি-১০ কেজি সার বিতরণ করা হবে। বিভিন্ন ধরনের শীতকালীন শাকসব্জী লক্ষ্যমাত্রা ২৮০ হেক্টর, এ পযর্ন্ত ৮৫হেক্টর জমিতে শাকসব্জী আবাদ করা হয়েছে এবং আরো শাকসব্জী আবাদ কার্যক্রম চলিতেছে। অত্র উপজেলায় বীজ ও সার মজুদ পরিস্থিতি স্বাভাবিক আছে, বর্তমান সারের মজুদ ইউরিয়া-৭০, টিএসপি-৩৫, এমওপি-৪২, ডিএপি-৩৭ এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলিতেছে। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসার, চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখিল |
| **৩। উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পচিালনার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা চাটখিল |
| **৪। উপজেলা প্রকৌশল বিভাগ : (ক) উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল/বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ঃ** উপজেলা প্রকৌশলী জানান সভায় জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচী-২০২১-২২ইং অর্থবৎসরের আওতায় অত্র উপজেলায় উক্ত খাতে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে চূড়ান্ত অনুমোদিত তালিকা "পরিশিষ্ট-ক" ডি.ডি.এল.জি,স্থানীয় সরকার,নোয়াখালী মহোদয়ের নিকট প্রেরন করা হয়েছে। উক্ত অনুমোদিত তালিকা মোতাবেক প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। প্রাক্কলন সম্পন্ন করা হইলে খুব দ্রুত টেন্ডার প্রক্রিয়ায় কাজ সম্পন্ন করা হইবে। | সভায় অনতিবিলম্বে প্রাক্কলন প্রস্তুত/চুড়ান্তকরন পূর্বক টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| **(খ) উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল (রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল) ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ ইং অর্থবৎসরের উচ্চ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে চুড়ান্ত অনুমোদিত তালিকার "পরিশিষ্ট-A" এর মোট ৪৪টি প্রকল্পের প্রাক্কলিত মূল্য=৪৮,১৩,৩৩৫/=টাকা এবং ২০২০-২১ ইং অর্থবৎসরে উচ্চ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে চুড়ান্ত অনুমোদিত তালিকা | সভায় প্রাক্কলন ও স্পেসিফিকেশান মোতাবেক সঠিকভাবে কাজের গুনগতমান নিশ্চিত করে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| "পরিশিষ্ট-B" এর টেন্ডারের ৬৫টি প্রকল্পের প্রাক্কলিত মূল্য=৮০,৫০,০০০/-টাকা সহ মোট=১,২৮,৬৩,৩৩৫/=টাকার টেন্ডারের স্কীমসমূহের কাজ চলমান আছে।<br><br>২। ২০২১-২২ইং অর্থ বৎসরে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য বিভিন্ন ব্যক্তি,প্রতিষ্ঠান এবং ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত প্রকল্প সমূহের বাস্তবায়নের নিমিত্তে প্রকল্পের সম্ভাব্যতা যাছাই পূর্বক অগ্রাধিকার ভিত্তিতে চুড়ান্ত তালিকা যাচাই-বাচাই করার কার্যক্রম চলমান রয়েছে। | সভায় প্রাক্কলন ও স্পেসিফিকেশান মোতাবেক সঠিকভাবে কাজের গুনগতমান নিশ্চিত করে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| **৫। মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য অফিসার সভায় যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটখিল |
| **৬। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাটখিল |
| **৭। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জানুয়ারি, ২০২২ মাসের রিপোর্ট অনুসারে উপজেলার মোট সক্ষম দম্পতি ৪৫৫৫১ জন, মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারী ৩৬০১৪ জন। গ্রহণকারীর হার ৭৫.০৬%, মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১৫৪১ জন, জীবিত জন্মের সংখ্যা ১৩৪ জন, সাধারণ রোগীর সেবা ১৬৩৫ জন, শিশু রোগী (০-৫) বছর ৪০৩ জন, অন্যান্য ৪২ জন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল |
| **৮। উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, চাটখিল সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি গওঙ্ক এর মাধ্যমে ভাতা প্রাপ্তিতে যদি মোবাইল নং সংক্রান্ত কোন ধরনের জটিলতা থাকে তাহলে সংশ্লিষ্ট সকলকে সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করা হয় এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভাতার অর্থ যথাযথ প্রক্রিয়ায় উপকার ভোগীদের ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ প্রদান করেন এবং বিভিন্ন ধরনের ভাতার নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চাটখিল |
| **৯। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল |
| **১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। কোনা সমস্যা নেই। তিনি আরও জানান, করোনাকালীন প্রতিষ্ঠানগুলো দীর্ঘ দিন বন্ধ থাকার ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে তাই জরুরী ভিত্তিতে প্রধান শিক্ষক/অন লাইন ক্লাস পরিচালনা, প্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্নতা ও ল্যাব রক্ষণা-বেক্ষণ করার জন্য প্রতিনিয়ত বিদ্যালয়ে আসা-যাওয়া নিশ্চিতকরণ এবং মাউশির পরিপত্র মোতাবেক প্রতিষ্ঠানের সকল কাজ পরিচালনা করার জন্য সভায় পুন:রায় বিস্তারিত আলোচনা করা হয়। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল |
| **১১। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), চাটখিল |
| **১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। কোন সমস্যা নাই। ২০২১-২০২২ চক্রের ভিজিডি উপকারভোগীদের সেপ্টেম্বর/২১ মাসের ভিজিডি খাদ্য পুষ্টি চাউল বিতরণের ছাড়পত্র (ডিও) প্রদান করা হয়েছে, প্রতিমাসের খাদ্য বিতরণ করে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে বিতরণ প্রতিবেদন ট্যাগ অফিসার এর স্বাক্ষর সমেত উপজেলায় প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো (খ) ২০২১-২২ অর্থ বছরের ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় চাটখিল পৌরসভায় নতুন ২৫ জন ভাতাভোগী নির্বাচন করা হয় ও দরিদ্রমার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে (গ) মহিলাদের জন্য আয়বর্ধক কর্মসূচি আইজিএট্রেনিং এ ১২তম ব্যাচে ফ্যাশান ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডে ২৫+২৫ = ৫০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ চলমান রয়েছে। | তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটখিল-কে অনুরোধ করা হয়। | মহিলা ও শিশু উন্নয়ন কমিটি এবং ইউপি চেয়ারম্যান সকল, চাটখিল |

| | | |
|---|---|---|
| **১৩। সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, চাটখিল |
| **১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** সভায় উপস্থিত হয়নি বিধায় উক্ত বিভাগের আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানিয়ে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাটখিল |
| **১৫। উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাটখিল |
| **১৬। পল্লী উন্নয়ন বিভাগ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | পল্লী উন্নয়ন কর্মকর্তা, চাটখিল ও সংশ্লিষ্ট সকল |
| **১৭। বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা,চাটখিল |
| **১৮। পরিসংখ্যান বিভাগ ঃ** সভায় উপস্থিত হয়নি বিধায় উক্ত বিভাগের আলোচনা করা যায়নি। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানিয়ে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, চাটখিল |
| **১৯। উপজেলা নির্বাচন অফিস :** উপজেলা নির্বাচন অফিসার সভায় যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন অফিসার, চাটখিল |
| **২০। পল্লী বিদ্যুৎ সমিতি :** ডেপুটি জেনারেল ম্যানেজার, চাটখিল জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। কোন সমস্যা নেই। গ্রাহক হয়রানী মুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে অন-লাইনের মাধ্যমে নতুন সংযোগের আবেদন গ্রহণ অব্যাহত আছে। যার ফলে গ্রাহকদের অফিসে আসতে হয় না এবং আবেদন ফি ও জামানতের টাকা রকেটের মাধ্যমে জমা দিতে পারছে। এছাড়াও আলোর ফেরিওয়ালার মাধ্যমে নতুন সংযোগ প্রদান ও অভিযোগ নিরসন করা হচ্ছে। বিদ্যুৎ বিভ্রাট দ্রুত নিরসনের জন্য "সকল ত্যাগে পল্লী বিদ্যুৎ রাখিব সচল" মূলমন্ত্র ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে উদ্ভাবনী (Innovative) উদ্যোগ "দুর্যোগে আলোর গেরিলা" টীম গঠনপূর্বক কোভিড-১৯ পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিলের সংযোগ বিচ্ছিন্ন অভিযান চলমান আছে। ব্যাংক ও অফিসের পাশাপাশি বিদ্যুৎ বিল সার্বক্ষণিক টেলিটক ও বিকাশের মাধ্যমে পরিশোধ করা যায়। গত ৩১/০৭/২০২১ খ্রিঃ তারিখে দশঘরিয়া এলাকায় ১০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ৩৩/১১ কেভি উপকেন্দ্র (চাটখিল উপকেন্দ্র-৩) চালু করা হয়েছে। চাটখিল উপকেন্দ্র-৩ চালু হওয়ার ফলে ফিডারসমূহের দৈর্ঘ্য কম হবে ফলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সম্ভব হবে বলে আশা করছি। আপগ্রেডেশন কাজ ও লাইনের আশেপাশের গাছের ডালপালা কাটার সময় কিছু কিছু এলাকায় সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। ঝড়-বৃষ্টির কারণে বিদ্যুৎ লাইনের উপর ডালপালা পড়ে থাকলে এবং লাইনের তার ছিঁড়ে গেলে নিকটস্থ অভিযোগ কেন্দ্রের মোবাইল নাম্বারে জানানো (অভিযোগ কেন্দ্রের নম্বরসমূহ বিদ্যুৎ বিলের অপর পৃষ্ঠায় লিপিবদ্ধ আছে) এবং বিদ্যুৎ লাইন, তার, টানা তার ও খুঁটি হতে সর্বসাধারণকে নিরাপদ দূরত্বে থাকার জন্য অনুরোধ করা হলো। বর্ণিত কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষে প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, চাটখিল জোনাল অফিস |
| **২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) :** উক্ত খাতের আওতায় ১। উপ-প্রকল্প নম্বর - INF-2019-20-207510-01-এর করোনা মহামারী প্রতিরোধে চাটখিল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ যন্ত্রপাতি সরবরাহ এবং উপ-প্রকল্প নম্বর-INF-2019-20-207510-02-এর জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে বাজার উন্নয়ন উপ-প্রকল্প (পাল্লা ও সোমপাড়া বাজারে ড্রেইন নির্মান) বাস্তবায়নের জন্য =৫৫,৭৪,২৪৬/-(পঞ্চান্ন লক্ষ চুয়াত্তর হাজার দুই শত ছেচল্লিশ) টাকার দরপত্র আহ্বান করার নিমিত্তে বর্তমানে Tender প্রক্রিয়ার কার্যক্রম চলমান আছে। | সভায় দ্রুত Tender Publish করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা দিয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

| | | |
|---|---|---|
| ২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপ-প্রকল্প নম্বর - INF-2018-19-207510-01 প্যাকেজের চাটখিল উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৭টি বাজারে টয়লেট নির্মান প্রকল্প বাস্তবায়নের বিপরীতে সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে সরকারি বিধি মোতাবেক নিরাপত্তা জামানত কর্তন পূর্বক চুড়ান্ত বিল পরিশোধের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প মহোদয় হইতে জি.ও পাওয়া গিয়াছে। | সভায় বাস্তবায়িত কাজের সংশ্লিষ্ট ঠিকাদারের নির্মানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাক্কলন ও স্পেসিফিকেশান মোতাবেক নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| **২২। পল্লী সঞ্চয় ব্যাংকঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাননীয় প্রধান মন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালনার জন্যে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল |
| **২৩। উপজেলা রাজস্ব তহবিল :** উপজেলা নিবার্হী অফিসার, চাটখিল সভায় জানান যে, ক) মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা; উপজেলা পরিষদের পানির লাইন মেরামত ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের গাড়ীর গ্যারেজ মেরামত বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার দাখিল করেন।<br><br>খ) ইসমাইল হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/- (পনেরো হাজার চারশত) টাকা এবং শীতলচন্দ্র দাস, ঝাড়ুদার, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/- (পনেরো হাজার চারশত) টাকা বিল অনুমোদন এবং পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক+খ)ঃ বর্ণিত বিল/ভাউচার সমূহ অনুমোদন/ পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উক্ত খাতের আওতায় উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে আনসারদের ব্যারাক নির্মানের কাজ চলমান আছে। | সভায় দ্রুত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করে সাইট বুঝিয়ে দিয়ে প্রাক্কলন ও স্পেসিফিকেশন মোতাবেক সঠিকভাবে কাজ বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহাঙ্গীর কবির)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চাটখিল, নোয়াখালী

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫১০.০০০.০৬.০০১.২২-৯০২ তারিখ ঃ ১৭-০২-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৬৮ নোয়াখালী-০১।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।
০৭। উপজেলা .......................................................... কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
০৮। চেয়ারম্যান, .......................................................... ইউনিয়ন পরিষদ (সকল), চাটখিল, নোয়াখালী।

(এ. এস. এম. মোসা)
উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।